॥ শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল) ॥

॥ বাংলা ভাষা ও সাহিত্য ॥

॥ নবম শ্রেণি ॥

॥ নিজে পড়ো ॥

- **পাঠের নাম: ভাবসম্প্রসারণ**

-নমুনা উত্তর-

দ্বার রুদ্ধ করে দিয়ে ভ্রমটাকে রুখি

সত্য বলে, আমি তবে কোথা দিয়ে ঢুকি?

ভ্রমকে আটকাবার জন্য যদি দরজা আমি বন্ধ করে দিই; তবে সত্যের প্রবেশের পথও অবরুদ্ধ হয়ে পড়বে। সত্যও আমার কাছে কোনোভাবে পৌঁছতে পারবে না।

জীবনের শাশ্বত অর্থটি হল এগিয়ে চলা। এগিয়ে চলাতেই মানুষের জীবন নতুনের আস্বাদ পায়, স্থির হয়ে গেলে তাকে মৃত রূপে জ্ঞান করতে হয়। এই এগিয়ে চলার পথ কোনোভাবেই মসৃণ নয়। তা চিরকালই উত্থানপতনময়। জীবনের পথে বিচিত্র অভিজ্ঞতার সম্মুখীন হতে হয় মানুষকে। সেই অভিজ্ঞতার মধ্যে সত্য, মিথ্যা কিংবা ভ্রম সকলই আসে যায়। মানুষের অন্তরে সকলই ছাপ রেখে যায়। কিন্তু সত্য যে কঠিন, তাই সাধারণ মানুষ সত্যকে আড়াল করে মনের দ্বার রুদ্ধ করে। ভ্রম বা মিথ্যাকে সত্য বলে প্রতিপন্ন করতে চায়। সত্য তখন সাময়িক আবদ্ধ হলেও নিজের শক্তির দ্বারা আত্মপ্রকাশিত হয়। মানবমন সত্যের সেই আলোকে নিজেদের মনের মলিনতকে দূরীভূত করে তোলে, সার্থক হয় মানবজীবন। মিথ্যা বা ভ্রম কখনই মানুষের বোধকে পূর্ণতা প্রদান করতে পারে না। সত্য মানুষের মর্মমূলে প্রবেশ করলে পূর্ণ হয় মানুষের জীবন। সেই পূর্ণতার জন্যই আমাদের মনের রুদ্ধ দ্বার সর্বদা খুলে রাখতে হবে।

॥ নিজে করো ॥

১. মেঘ দেখে কেউ করিসনে ভয়

আড়ালে তার সূর্য হাসে।

২. শৈবাল দিঘীরে বলে উচ্চ করি শির

লিখে রেখো এক ফোঁটা দিলম শিশির।

৩. অন্যায় যে করে আর

অন্যায় যে সহে

তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।

৪. এ জগতে হায় সেই বেশি চায় আছে যার ভুরি ভুরি

রাজার হস্ত করে সমস্ত কাঙালের ধন চুরি।

৫. প্রিয়, ফুল খেলবার দিন না অদ্য

ধ্বংসের মুখোমুখি আমরা ।

SRAL